

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০২১.১১.-০৩

তারিখ : ০৩/০১/২০১৭খ্রিঃ।

বিষয় : ঋণ মঞ্জুরের দফা অতিক্রম সীমা লংঘন না করার অনুরোধ প্রসঙ্গে।

- সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০২১.১১-১০, তারিখ : ০৯/০১/২০১৪ খ্রিঃ
২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.১৯৪.১০-৩৯৮ তারিখ : ০৬/০৯/২০১৬ খ্রিঃ
৩। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৪৪.১১-২৯৩, তারিখ : ০৭/০৭/২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের বরাতে জানানো যাচ্ছে যে, নতুন নতুন আত্মকর্মসংস্থান সৃজনকে অধিকহারে উৎসাহিত করার লক্ষ্যে পুরাতন ঋণীকে দফা অতিক্রম করে ঋণ প্রদানের ক্ষেত্রে সীমিত করে উপজেলা ও জেলা ঋণ মঞ্জুরী কমিটিকে প্রতি সভায় মঞ্জুরীকৃত ঋণী সংখ্যার (জন) অনধিক ৪০% দফা অতিক্রম করে ঋণ মঞ্জুরী প্রদানের অনুশাসন প্রদান করা হয়েছে। অনধিক ৪০% দফা অতিক্রমের অর্থ হচ্ছে ঋণ কমিটির সভায় উপস্থাপিত উপজেলাভিত্তিক প্রত্যাশিত ঋণী সংখ্যা হতে ৬০% কে ১ম দফা (নতুন ঋণী) এবং বাকী ৪০% কে অন্যান্য দফায় (পুরাতন ঋণীকে) ঋণ মঞ্জুর করা যাবে। উদাহরণস্বরূপ “ক” উপজেলা হতে ৫টি ঋণ প্রস্তাব পেশ করা হলে অন্যান্য সকল বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে ১ম দফায় ন্যূনতম ৩টি এবং অন্যান্য দফায় সর্বোচ্চ ২টি ঋণ মঞ্জুরী দেয়া যাবে।

২। কোন সভায় কোন উপজেলার বিপরীতে ঋণ মঞ্জুরের ক্ষেত্রে বাস্তব কারণে এ অনুপাত রক্ষা করা না গেলে তবে তা বছরের বাকী সভায় সমন্বিত (কম/বেশি) করতে হবে। অর্থাৎ কোন সভায় বেশি প্রস্তাব করেছে অনুমোদিত হলে পরবর্তী সভায় তা কম দিয়ে বছরের মধ্যে সমন্বয় করার নির্দেশনা প্রদান করা হয়েছে। ক্ষুদ্রঋণ কার্যনির্দেশিকার অনুচ্ছেদ ১০.৪ হতে ১০.৪.৮ এর মাধ্যমে ৯টি উপঅনুচ্ছেদের মাধ্যমে বিষয়টির বিস্তারিত ব্যাখ্যা দেয়া হয়েছে। এছাড়া প্রত্যেক বছর অনুষ্ঠিত আঞ্চলিক কর্মশালায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়ে থাকে। নিম্নতালিকায় বর্ণিত ১০টি জেলা হতে বিভিন্ন সময়ে প্রাপ্ত ১৪টি ঋণ অনুমোদন কমিটির সভার কার্যপত্র পর্যালোচনা করে দেখা যায় জয়পুরহাট এবং ময়মনসিংহ জেলা ব্যতীত বাকী সকল জেলা যুব ঋণ কমিটিকে দফা অতিক্রম বিষয়ক প্রদত্ত অনুশাসন প্রতিপালিত হয়নি, যা অনভিপ্রেত ও অনাকাঙ্ক্ষিত।

নং	জেলার নাম	সভার তারিখ	উপস্থাপিত প্রস্তাব	২য় এবং ৩য় দফার মঞ্জুর	দফা অতিক্রান্তের হার	মন্তব্য
১	রাজশাহী	০৭-০১-২০১৫	২৩	১০	৪৩.৪৭	নির্ধারিত সীমা অতিক্রান্ত
২	রাজশাহী	১৭-০২-২০১৬	২৮	১৫	৫৩.৫৭	ঐ
৩	রাজশাহী	২০-১০-২০১৬	৫৮	২৮	৪৮.২৭	ঐ
৪	কুমিল্লা	০৬-০১-২০১৬	১৫	০৮	৫৩.৩৩	ঐ
৫	কুমিল্লা	২৩-১০-২০১৬	২৩	১৫	৬৫.২১	ঐ
৬	নোয়াখালী	১০-০১-২০১৬	২০	১২	৬০.০০	ঐ
৭	ময়মনসিংহ	১০-০২-২০১৬	৭৭	৩১	৪০.২৫	কাঙ্ক্ষিত মাত্রার কাছাকাছি
৮	ঢাকা	০৭-০৩-২০১৬	১৭	১৩	৭৬.৪৭	নির্ধারিত সীমা অতিক্রান্ত
৯	ঢাকা	২০-১২-২০১৬	৩২	১৫	৪৬.৮৬	ঐ
১০	ফেনী	০১-০৩-২০১৬	২৬	১৪	৫৩.৮৪	ঐ
১১	জয়পুরহাট	১৫-০৩-২০১৬	২০	০১	০৫.০০	কাঙ্ক্ষিত মাত্রার মধ্যে
১২	সিরাজগঞ্জ	০৫-০৫-২০১৬	০৭	০৫	৭১.৪২	নির্ধারিত সীমা অতিক্রান্ত
১৩	চাঁপাইনবাবগঞ্জ	২৪-১০-২০১৬	১০	০৫	৫০.০০	ঐ
১৪	রাজবাড়ী	০৭-১২-২০১৬	২৯	১৩	৫১.৯০	নির্ধারিত সীমা অতিক্রান্ত

৩। তাছাড়া জেলা ঋণ মঞ্জুরী কমিটির সভায় উপজেলাভিত্তিক কোন দফায় কি সংখ্যক ঋণ মঞ্জুর করা হচ্ছে তার হিসাব ধারাবাহিকভাবে রক্ষণের অনুশাসন জয়পুরহাট ব্যতীত অন্যান্য জেলায় প্রতিপালিত হচ্ছে না, অর্থাৎ সভার কার্যপত্রে ছক মাফিক ধারাবাহিক তথ্য সংরক্ষণ করা হয়না। ফলে সারা বছরে ঋণ মঞ্জুরী কমিটি কর্তৃক কি ধরণের (দফা) কি পরিমাণ ঋণ মঞ্জুরী দেয়া হয়েছে তার হিসাব সংরক্ষণ ও পরবর্তী ব্যবস্থা গ্রহন দুরূহ হয়ে পড়ে। উপজেলা ঋণ মঞ্জুরী কমিটির জন্যও একই নির্দেশনা রয়েছে, তবে তা যথাযথ পালিত হচ্ছে কিনা তা তদারকির দায়িত্ব জেলার উপ-পরিচালক ও সংশ্লিষ্ট সহকারী পরিচালকের উপর ন্যস্ত।

৪। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে জেলা ও উপজেলা ঋণ মঞ্জুরী কমিটির সভাপতি ও সদস্যসচিবকে বর্ণিত অনুশাসন (সর্বোচ্চ ৪০% এর বেশি দফা অতিক্রম না দেয়া) যথাযথভাবে প্রতিপালন করতে বলা হলো। সে সাথে সকল জেলা ঋণ মঞ্জুরী কমিটিকে প্রতি মাসে ন্যূনতম একটি সভা আহ্বানপূর্বক (নির্দেশিকার অনুচ্ছেদ ০৮ মাফিক) কার্যবিবরণীতে নির্ধারিত ছকে অনুমোদনের তথ্য উল্লেখপূর্বক সভার কার্যবিবরণী (জেলার) প্রধান কার্যালয়ে পাঠাতে বলা হলো।


(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক (দাঃবিঃওঃঋণ)

ফোন-৯৫৬১৩৫৩
Email-ershad.dyd@gmail.com

১। উপ-পরিচালক..... জেলা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর।

২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা উপজেলা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০২১.১১.-০৩

তারিখ : ০৩/০১/২০১৭খ্রিঃ।

অনুলিপি বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। উপ-পরিচালক (দাঃবিঃওঃঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৪। দপ্তর নথি।

(মোঃ শাহীনুর রহমান)
সহকারী পরিচালক (দাঃবিঃওঃ ঋণ)